# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র** বিষয় কোড: | ১ | ০ | ১ |

**সৃজনশীল প্রশ্ন**

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য: প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক বিভাগ হতে দু'টি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। গ বিভাগে যে কোনো একটি উপন্যাস থেকে উত্তর করতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ — গদ্য

**১.** ▶ কন্যার পিতা রামসুন্দর আমাদের রায় বাহাদুরের হাতে-পায়ে ধরিয়া বলিলেন, 'শুভ কার্য সম্পন্ন হইয়া যাক, আমি
'নিশ্চয়ই টাকাটা শোধ করিয়া দিব।' রায় বাহাদুর বলিলেন, 'টাকা হাতে না পাইলে বর সভাস্থ করা যাইবে না।' এই দুর্ঘটনায় অন্তঃপুরে একটা কান্না পড়িয়া গেল।......
ইতোমধ্যে একটা সুবিধা হইল। বর সহসা তাহার পিতৃদেবের অবাধ্য হইয়া উঠিল। সে বাপকে বলিয়া বসিল, 'কেনাবেচা দরদামের কথা আমি বুঝি না; বিবাহ করিতে আসিয়াছি, বিবাহ করিয়া যাইব।'

[তথ্যসূত্র : দেনা-পাওনা-রবীন্দ্রনাথ ঠাকুর]

ক. বিয়ে উপলক্ষে কনে পক্ষকে কোথায় আসতে হয়েছিল? ১
খ. 'এমন সময়ে সেই এক পদক্ষেপের দূরত্বটুকু এক মুহূর্তে অসীম হইয়া উঠিল।'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বরের সাথে অপরিচিতা গল্পের অনুপম চরিত্রের বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. 'উদ্দীপকের ঘটনাটি অপরিচিতা গল্পে বর্ণিত সামাজিক অসঙ্গতির দিকটি তুলে ধরতে সক্ষম হয়েছে।'— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ ভোরের কথা নামক একটি সাপ্তাহিক পত্রিকার সম্পাদক তৌহিদ হাসান। প্রভাবশালী মহলের তোষামোদকারী হিসেবে তার এবং তার পত্রিকার পরিচিতি সবারই জানা। তৌহিদ হাসানের তোষামোদের সম্পাদকীয় কলামকে অনেকে বিনয় বলে মনে করে। কিন্তু এই বিনয় প্রকাশ করতে গিয়ে সত্য প্রকাশকে তিনি অস্বীকার করছেন বলে অনেকের অভিমত।

ক. 'আমার পথ' প্রবন্ধে প্রাবন্ধিক কাকে কর্ণধার বলেছেন? ১
খ. 'মিথ্যাকে স্বীকার করে সত্যকে গ্রহণ করতে হবে'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তৌহিদ হাসান কি প্রাবন্ধিকের উল্লিখিত 'আমি' ভাবনায় উপনীত হতে পেরেছেন? প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্পাদক তৌহিদ হাসান এবং প্রাবন্ধিক কাজী নজরুল ইসলামের উদ্দেশ্য ও আদর্শের মধ্যে পার্থক্য কোথায় বলে তুমি মনে কর? ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩. ▶ বাবুই পাখিরে ডাকিয়া বলিছে চড়াই
কুঁড়ে ঘরে থাকি কর শিল্পের বড়াই
আমি থাকি মহা সুখে অট্টালিকা পরে
তুমি কত কষ্ট পাও রোদ বৃষ্টি ঝড়ে
বাবুই হাসিয়া কহে সন্দেহ কী তায়
কষ্ট পাই তবু থাকি নিজের বাসায়
পাকা হোক তবু ভাই পরের বাসা
নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর খাসা।

ক. কনভেন্ট কী? ১

খ. দশ বছর পর মাদাম ফোরস্টিয়ার মাদাম লোইসেলকে দেখে চিনতে না পারার কারণ কী? ২

গ. উদ্দীপকের সাথে নেকলেস গল্পের চেতনাগত সাদৃশ্য দেখাও। ৩

ঘ. 'উদ্দীপকের ধারণকৃত চেতনার মধ্যে নেকলেস গল্পের অন্তর্নিহিত সত্য লুকায়িত আছে।' মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

## খ অংশ — পদ্য

৪. ▶ মানুষ ধর্মই সবচেয়ে বড় ধর্ম। হিন্দু-মুসলমানের মিলনের অন্তরায় বা ফাঁকি কোনখানে তা দেখিয়ে দিয়ে এর গলদ দূর করা এর অন্যতম উদ্দেশ্য। মানুষে মানুষে যেখানে প্রাণের মিল, আদত সত্যের মিল, সেখানে ধর্মের বৈষম্য, কেনো হিংসার দুশমনীর ভাব আনে না। যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।

[তথ্যসূত্র: ধুমকেতু-কাজী নজরুল ইসলাম]

ক. সাম্য শব্দটির অর্থ কী? ১

খ. 'তোমার হৃদয় বিশ্ব দেউল সকলের দেবতার'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে সাম্যবাদী কবিতার সাদৃশ্য বিচার কর। ৩

ঘ. 'উদ্দীপক এবং সাম্যবাদী কবিতার কবির চেতনা একই ধারায় প্রবাহিত'— মন্তব্যটি যাচাই কর। ৪

৫. ▶ শহিদের পুণ্য রক্তে সাত কোটি
বাঙালির প্রাণের আবেগ আজ
পুষ্পিত সৌরভ। বাংলার নগর, বন্দর
গঞ্জ, বাষট্টি হাজার গ্রাম
ধ্বংসস্তূপের থেকে সাত কোটি ফুল
হয়ে ফোটে। প্রাণময় মহৎ কবিতা
আর কোথাও দেখি না এর চেয়ে।

http://teachingbd.com

ক. ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে কে? ১
খ. 'নক্ষত্রের মতো ঝরে অবনাশী বর্ণমালা' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকটির সাথে ফেব্রুয়ারি ১৯৬৯ কবিতার কোন চেতনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকটির কবি এবং ফেব্রুয়ারি ১৯৬৯ কবিতার কবির চেতনা একসূত্রে গাঁথা।'— মন্তব্যটি যাচাই কর। ৪

৬. ▶ বিস্তীর্ণ দুপারে
অসংখ্য মানুষের
হাহাকার শুনেও, নিঃশব্দে নীরবে
ও গঙ্গা ..... তুমি বইছো কেন?
ব্যক্তি যদি ব্যক্তি কেন্দ্রিক
সমষ্টি যদি ব্যক্তিত্ব রহিত
তবে নিঠুর সমাজকে ভাঙ না কেন?

ক. 'উদ্ভিন্ন উল্লাস'— দিলওয়ার এর কোন ধরনের গ্রন্থ? ১
খ. 'তোমাদের বুকে আমি নিরবধি গণমানবের তুলি'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতার কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি কবিতার সম্পূর্ণ চেতনাকে ধারণ করে কি তোমার মতামত দাও। ৪

## গ অংশ — সহপাঠ

৭. ▶ কার্ল মার্কসের তত্ত্ব অনুযায়ী অর্থই সমাজের মূল নিয়ন্তা। অর্থ যার কাছে থাকবে, সেই শাসন করবে সমাজ এবং সে তার পছন্দ মতো ঢেলে সাজিয়ে নেবে সমাজ, সংস্কৃতি এমনকি ধর্মও। এই কারণে মার্কস তার বিখ্যাত মূলধন তত্ত্বে অর্থকাঠামোকে বলেছেন 'ইন্টার স্ট্রাকচার, আর সমাজ-সংস্কৃতি ও ধর্মকে বলেছেন 'সুপার স্ট্রাকচার'।

ক. খালেক ব্যাপারী মসজিদের কত আনা খরচ বহন করতে চায়? ১
খ. 'তাই তারা ছোটে, ছোটে'— কারা ছোটে? কেন? ২
গ. 'লালসালু' উপন্যাসের বাস্তবতার সাথে উদ্দীপকের তত্ত্ব কতখানি সামঞ্জস্যপূর্ণ? ৩
ঘ. 'কার্ল মার্কস এবং সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র উপলব্ধিগত পার্থক্য উদ্দীপক এবং লালসালু উপন্যাসে প্রতিফলিত হয়েছে'— মন্তব্যটির যথার্থতা বর্ণনা কর। ৪

Teachingbd.com

৮. ▶ মাজারটি প্রধান সড়কের পাশে অবস্থিত। নির্মাণ কাজের জন্য সম্প্রতি মাজারের চারপাশে বেড়া দেওয়ায় রাস্তায় চলাচলকারী যানবাহনগুলো প্রায়ই মাজারের বেড়া ঘেঁষে চলাচল করে। সেদিন একটি যাত্রীবাহী বাস মাজারের বেড়া ঘেঁষে যাওয়ায় সময় হঠাৎ বেড়ার সাথে বাসের মৃদু সংঘর্ষ হয়। মাজারের খাদেম গহর আলী ক্ষুব্ধ কণ্ঠে ধমকে ওঠে, 'পাগলা পীরের মাজারের সাথে বেয়াদবি। বাসে যারা আছিস সবাই ভয়ঙ্কর বিপদে পড়বি। বিপদ থেকে বাঁচতে চাইলে বাবার কাছে মাফ চা, আর যার কাছে যা আছে মাজারে ফেলে যা।' মুহূর্তে বাসের জানালা গলে কালবৈশাখীর ঝড়ে ঝরে পড়া আমের মতো অজস্র ধারায় ঝকঝকে পয়সা, সিকি, আধুলি, টাকা মাজার প্রাঙ্গণে পড়তে লাগলো।

ক. ঝালরওয়ালা সালু দ্বারা আবৃত কবরটি দেখতে কিসের মতো? ১

খ. 'আপনারা জাহেল, বেএলেম, আনপাড়হ।'— উক্তিটি কে, কেন করেছেন? ২

গ. মজিদ চরিত্রের কোন বৈশিষ্ট্য উদ্দীপকের গহর আলীর মধ্যে প্রতিফলিত হয়েছে? চিহ্নিত কর। ৩

ঘ. 'উদ্দীপকে বর্ণিত সমাজ মানস 'লালসালু' উপন্যাসে বর্ণিত সমাজেরই প্রতিচ্ছবি'— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯. ▶ জোহরা: আর একদিন কি দুদিন। তারপরেই সে ঘোর সময় শুরু হবে। তুমি ফিরে এসো। আমার সঙ্গে ফিরে চলো।

কার্দি: যে ফিরে যাবে, সে আমি হব না। সে হবে বিশ্বাসঘাতক। সে হবে ইব্রাহিম কার্দির লাশ। তাকে দিয়ে তুমি কি করবে? ...... আমার সংকটের দিনে যারা আমাকে আশ্রয় দিয়েছে, কর্মে নিযুক্ত করেছে, ঐশ্বর্য দান করেছে সে মারাঠাদের বিপদের দিনে আমি চুপ করে বসে থাকবো? পদত্যাগ করবো? দলত্যাগ করবো? সে হয় না জোহরা। [তথ্যসূত্র: রক্তাক্ত প্রান্তর, মুনীর চৌধুরী]

ক. রায়দুর্লভের পিতার নাম কী? ১

খ. 'এসেছ শয়তান। ধাওয়া করেছ আমার পিছু।'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কার্দি এবং সিরাজউদ্দৌলা নাটকের মিরজাফরের বৈসাদৃশ্য নিরূপণ কর। ৩

ঘ. 'উদ্দীপকের কার্দির মতো সিরাজউদ্দৌলা নাটকের নবাবের সেনাপতি বিশ্বস্ত থাকলে বাংলার স্বাধীনতা অক্ষুণ্ণ থাকতো।'— তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৪০ মিনিট পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. মার্জার 'মেও' বলার মধ্যে কী ছিল?
ক ব্যঙ্গ খ কৌতুক গ অবজ্ঞা ঘ গুরুত্বভাব

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:**
সারাদিন রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে কৃষকরা মাঠে সোনার ফসল ফলায়। কিন্তু যথার্থ মূল্য তারা পায় না। তাদের শ্রমে সমৃদ্ধি হয় শোষকের আর তারা শূন্য হাতে পড়ে থাকে।

২. উদ্দীপকের সঙ্গে তোমার পঠিত কোন রচনার মিল রয়েছে?
ক চাষার দুক্ষু খ আমার পথ
গ বিড়াল ঘ চেতনার এলবাম

৩. এরূপ মিলের স্বরূপ—
i. শোষণ বর্ণনা ii. কৃষকের দুঃখ বর্ণনা
iii. কৃষকের সমৃদ্ধি কামনা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

৪. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কালজয়ী উপন্যাস কোনটি?
ক অপরাজিত খ আরণ্যক
গ ইছামতি ঘ পথের পাঁচালী

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
জামাল আজ অনেক টাকা-পয়সার মালিক। মাঝেমধ্যে গ্রামে এলেও মাটিতে তার পা পড়ে না। অসহায় লোকদের সহযোগিতা করার মানসিকতাও তার মনে নেই।

৫. 'আহ্বান' গল্পে শিক্ষণীয় দিক কোনটি?
ক উদার মানবিক হওয়া
খ পারস্পরিক নির্ভরশীলতা
গ স্নেহ-মমতা ঘ আন্তরিকতায়

৬. পরাবলম্বনকে নজরুল কিসের সাথে তুলনা করেছেন?
ক পরনির্ভরশীলতা খ দাসত্ব
গ নিষ্ক্রিয়তা ঘ আত্মনির্ভরতা

৭. জবরদস্তি প্রিয় মানুষেরা বিকৃত বুদ্ধি, কারণ—
ক তারা সংগ্রামপ্রিয়
খ তারা যুদ্ধপ্রিয়
গ তাদের মায়া-মমতা নেই
ঘ তারা প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি

৮. স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধির মানুষেরা এত নিষ্ঠুর, কারণ—
i. সৌন্দর্যবোধহীন ii. মূল্যবোধহীন
iii. উপলব্ধিহীন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
চার বছরের তপনকে নিয়ে সদ্য বিধবা হয়েছে রেবতী। কিন্তু বৈধব্য গ্রহণ করতে না করতেই গ্রামের প্রভাবশালী হরিপদ তাকে নানাভাবে উত্ত্যক্ত করে। এ নিয়ে সমাজের কাছে বিচার চেয়েও বিচার পায় নি রেবতী। অবশেষে একদিন বঁটি দিয়ে হরিপদের পা কেটে দেয় রেবতী।

৯. উদ্দীপকের হরিপদ শ্রেণির লোকের সঙ্গে নিচের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
ক কৈলাশ খ গোকুল
গ জগু ঘ রহমান

১০. সাদৃশ্যগত দিকটি হলো—
i. আর্থিক দীনতা ii. চারিত্রিক স্খলন
iii. ক্ষমতার দৌরাত্ম্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. 'অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে মরেও শান্তি'— এ মনোভাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যে দিকটি ফুটে উঠেছে—
i. প্রতিবাদী চেতনা ii. দেশপ্রেম
iii. জনগণের প্রতি ভালোবাসা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১২. জাদুঘরে ঐতিহাসিক নিদর্শন সংগ্রহ করে রাখা হয় কেন?
ক প্রদর্শনের জন্য খ পরীক্ষার জন্য
গ অর্থ উপার্জনের জন্য ঘ অস্তিত্ব রক্ষার জন্য

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
'সাবাস, বাংলাদেশ এ পৃথিবী অবাক তাকিয়ে রয়; জ্বলে পুড়ে মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়।'

১৩. উদ্দীপকের শেষ চরণটি 'রেইনকোট' গল্পের কার সঙ্গে সাদৃশ্যপূর্ণ?
ক মিন্টু খ ইসহাক গ সাজিদ ঘ নুরুল হুদা

১৪. উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের পটভূমি গড়ে উঠেছে যে বিষয়বস্তুকে কেন্দ্র করে—
i. মুক্তিযুদ্ধ ii. পাকিস্তানিদের শোষণ
iii. বাঙালির আত্মপ্রত্যয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. ভিন্ন ভিন্ন প্রজাতির মাঝে মৌলিক পার্থক্য না থাকার কারণ—
ক গঠন প্রক্রিয়া একই খ চেতনা একই
গ বোধশক্তি একই ঘ ক্রিয়াকর্ম একই

১৬. বাসবত্রাস বলতে কাকে বোঝায়?
ক ইন্দ্রকে খ শিবকে
গ মেঘনাদকে ঘ রামকে

১৭. 'ঐকতান' কবিতাটি রচনার প্রেক্ষাপট—
i. অপূর্ণতা ii. অতৃপ্তি
iii. গ্লানিবোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
হিন্দু মেয়ে অদিতির গুণে মুগ্ধ হয়ে মুসলমান সন্তান জোবায়েদ তাকে বিয়ে করলে জোবায়েদকে সমাজচ্যুত করা হয়।

১৮. 'সাম্যবাদী' কবিতার কবির মতো জোবায়েদ—
ক জীবনবাদী খ নাস্তিক
গ অসাম্প্রদায়িক ঘ সকল ধর্মে বিশ্বাসী

১৯. জীবনানন্দ দাশ তার রচনায় কিসের ছবি এঁকেছিলেন?
ক নিসর্গের খ শহরের গ নদীর ঘ যুদ্ধের

২০. 'দক্ষিণ দুয়ার' শব্দটি দ্বারা কবি কিসের আগমনকে জানিয়ে দিয়েছেন?
ক দক্ষিণের পথ খ দক্ষিণের দরজা
গ বসন্তের দক্ষিণা বাতাস
ঘ বসন্তের বাতাবি লেবু ফুলের ঘ্রাণ

Teachingbd.com

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
শীতের পর আসে বসন্তঋতু। গাছে গাছে নতুন পাতা গজায়। ফুলে ফুলে ভরে যায় বাগান। আম্র মুকুলের মৌ-মৌ গন্ধে ভরে ওঠে চারদিক। এ ঋতুতে বিরহীদের মন প্রিয়জনদের সান্নিধ্য খোঁজে। কেননা প্রকৃতির সঙ্গে মানব মনের একটা ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে।

**২১. উদ্দীপকের আবহের সাথে তোমার পঠিত কোন কবিতার সাদৃশ্য পাওয়া যায়?**
(ক) সেই অস্ত্র (খ) ঐকতান
(গ) তাহারেই পড়ে মনে (ঘ) সাম্যবাদী

**২২. উদ্দীপক ও আলোচ্য কবিতার মাধ্যমে প্রমাণিত হয়—**
i. মানবমন ও প্রকৃতির সম্পর্ক
ii. মানবমনের ওপর প্রকৃতির প্রভাব
iii. প্রকৃতির ওপর মানবমনের প্রভাব
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii (গ) iii (ঘ) i ও ii

**২৩. 'আঠারো বছর বয়স' কবিতায় কবির প্রার্থনা কী?**
(ক) তারুণ্যের জয়গান
(খ) নতুন নতুন আবিষ্কার
(গ) সমাজজীবনে তারুণ্যের প্রেরণা
(ঘ) তারুণ্য জাতীয় জীবনের চালিকাশক্তি

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
অনেকে দেশের জন্য যুদ্ধ করে শহিদ হয়েছেন। শহিদের কাছে আমাদের দেশ ঋণী তাদের সংগ্রামী চেতনা আমাদের নানা কাজে অনুপ্রাণিত করে। এ জন্য তারা আমাদের কাছে স্মরণীয় ও বরণীয় হয়ে আছেন।

**২৪. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় উদ্দীপকের সংগ্রামী চেতনার প্রতিনিধিত্ব করে কারা?**
(ক) সর্বস্তরের জনগণ (খ) মাঝি
(গ) কৃষক (ঘ) মৃত রমাকান্ত

**২৫. উদ্দীপকটি কবিতার যে ভাবের প্রকাশক—**
i. আত্মত্যাগ ii. জীবনগৌরব
iii. দেশপ্রেম
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৬. পূর্বপুরুষের পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল তা বোঝা যায় কীভাবে?**
(ক) কৃষক থাকায় (খ) শ্রমিক থাকায়
(গ) ক্রীতদাস থাকায় (ঘ) নমঃশূদ্র থাকায়

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
এই বাংলার মানুষের ইতিহাস গৌরবের ইতিহাস। এখানে মানুষেরা বারংবার অত্যাচারিত হয়েছে, বারংবার ঘুরে দাঁড়িয়েছে টিকে থাকার লড়াইয়ে।

**২৭. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় আকাশের নিচে রয়েছে—**
i. গ্রাম ii. গঞ্জ
iii. লোকালয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) iii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৮. আমার চেতনা বলতে কবি আল মাহমুদ যেটি বুঝিয়েছেন—**
i. কাব্যবোধ ii. কাব্যচেতনা
iii. জাগ্রত সত্তা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৯. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতাটি হলো—**
i. ছয় মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত
ii. প্রতি পঙক্তি ৬ + ৬ মাত্রার পূর্ণপর্বে বিন্যস্ত
iii. ১২ মাত্রার অপূর্ণ পর্বে বিন্যস্ত
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩০. উপরিউক্ত কবিতার উদ্ধৃত চরণ হলো—**
i. এই ক্রোশ কাল আমার স্বজন
ii. যখন বোঝাই প্রাণের জাহাজ
iii. কত বিচিত্র জীবনের রং
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩১. কিসের চেয়ে টুপি বেশি?**
(ক) মানুষের চেয়ে (খ) শস্যের চেয়ে
(গ) ধর্মের আগাছার চেয়ে (ঘ) ধার্মিকের চেয়ে

**৩২. এক সময় মজিদ কার সামনে গিয়ে থমকে দাঁড়ায়?**
(ক) মাজারের (খ) রহিমার
(গ) জমিলার (ঘ) খালেক ব্যাপারীর

**৩৩. মেয়েটাকে তার ভালোই লাগে— 'মেয়েটাকে বলতে বোঝানো হয়েছে—**
(ক) রহিমাকে (খ) জমিলাকে
(গ) হাসুনির মাকে (ঘ) হাসুনিকে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**
বর্ষার ঢল থেকে গ্রাম ও ফসল রক্ষাকারী বাঁধ রক্ষার জন্য জমির মুন্সির নেতৃত্বে একদল পীরের শরণাপন্ন হয়। আরেক দল মাস্টারের নেতৃত্বে মাটি কেটে অক্লান্ত পরিশ্রম করে বাঁধ রক্ষা করে।

**৩৪. উদ্দীপকের জমির মুন্সি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধি?**
(ক) খালেক ব্যাপারী (খ) মজিদ
(গ) মোদাব্বের (ঘ) তাহের

**৩৫. উদ্দীপকের মাস্টারের কর্মকাণ্ড 'লালসালু' উপন্যাসের কোন ঘটনার তাৎপর্য বহন করে?**
(ক) আক্কাসের স্কুল প্রতিষ্ঠা
(খ) মজিদের মসজিদ নির্মাণ
(গ) ব্যাপারীর বিচারসভা
(ঘ) আওয়ালপুরে পীরের সভা

**৩৬. পলাশীর যুদ্ধে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছিল—**
(ক) মীর জাফররা (খ) রায়দুর্লভরা
(গ) ইংরেজরা (ঘ) বাঙালিরা

**৩৭. সিরাজউদ্দৌলা নাটকে নবাবের উক্তিতে সবচেয়ে বড় অস্ত্র হলো—**
(ক) কামান (খ) কলম (গ) দেশপ্রেম (ঘ) বারুদ

**৩৮. নবাব সেনাপতি মোহনলাল মিরনের বৈঠকে আসার কারণ—**
(ক) ইংরেজদের সাথে দেখা করতে
(খ) ইংরেজ চুক্তিতে স্বাক্ষর করতে
(গ) মোহনলালের সাথে দেখা করতে
(ঘ) মিরনের বৈঠক তদারকি করতে

**৩৯. পঠিত নাটকে জানানা সওয়ারি হলো—**
(ক) গুপ্তচর (খ) নাচনেওয়ালি
(গ) মিরনের আত্মীয়া
(ঘ) ছদ্মবেশী ইংরেজ প্রতিনিধি

**৪০. কে উমিচাঁদকে ঠকাবার ব্যবস্থা করেছে?**
(ক) ক্লাইভ (খ) ক্লেটন (গ) ড্রেক (ঘ) হলওয়েল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | গ |
| | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ক |

http://teachingbd.com